# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ হুদায়বিয়াহর উমরাহ (عمرة الحديبية فِيْ ذِيْ الْقَعْدَةِ سَنَةَ ٦ هـ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

তিনিই সেই সত্তা যিনি তাদের হাত তোমাদের হতে নিবৃত্ত করলেন (هُوَ الَّذِيْ كَفَّ أَيْدِيَهُمْ عَنْكُمْ):

যখন কুরাইশগণের যুদ্ধবাজ ও যুদ্ধোন্মাদ যুবকগণ দেখল যে তাদের নেতৃস্থানীয় ব্যক্তিগণ সন্ধির পক্ষপাতি, তখন তারা নেতৃস্থানীয়দের এড়িয়ে স্বতন্ত্রভাবে একটি সিদ্ধান্ত গ্রহণ করল যে, রাত্রিরে অন্ধকার এখান থেকে বেরিয়ে গিয়ে তারা মুসলিমগণের শিবিরে প্রবেশ করবে এবং এমন ভাবে গন্ডগোল পাকিয়ে তুলবে যাতে আপনা থেকেই যুদ্ধের আগুন জ্বলে ওঠে।

অতঃপর তাদের সিদ্ধান্ত অনুযায়ী কাজ সম্পাদনের লক্ষ্যে রাতের আঁধারে সত্তর কিংবা আশি জন যুবক তানঈম পর্বতে অবতরণ করে মুসলিমগণের শিবিরে প্রবেশের চেষ্টা করে। কিন্তু মুসলিম শিবির প্রহরীদের পরিচালক মুহাম্মাদ বিন মাসলামা তাদের সকলকে বন্দী করেন। কিন্তু সন্ধিচুক্তির খাতিরে নাবী কারীম (ﷺ) সকলকে ক্ষমা প্রদর্শন ক’রে মুক্ত করে দেন। সে সম্পর্কেই আল্লাহর তরফ থেকে তখন আয়াত নাযিল হয়:

(وَهُوَ الَّذِيْ كَفَّ أَيْدِيَهُمْ عَنْكُمْ وَأَيْدِيَكُمْ عَنْهُم بِبَطْنِ مَكَّةَ مِن بَعْدِ أَنْ أَظْفَرَكُمْ عَلَيْهِمْ) [الفتح: 24]

‘তিনি সেই সত্তা যিনি তোমাদের উপর হতে তাদের হাতকে নিবৃত্ত করলেন মক্কা প্রান্তরে এবং তোমাদের হাতকে তাদের হতে। এর পূর্বেই তিনি তাদেরকে তোমাদের আয়ত্বে এনে দিয়েছিলেন।’ [আল-ফাতহ (৪৮) : ২৪]

Source — https://www.hadithbd.com/books/link/?id=6312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন